# জনতা ব্যাংক পিএলসি.

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

সূত্র: পিডি/ডিজিএম/প্রশা/নন-ক্লারিক্যাল/শীতকালীন পোষাক/২০২৬/৭৪ তারিখ: ২২.০২.২০২৬

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস,ঢাকা/জনতা ভবন কর্পোরেট শাখা, ঢাকা/এরিয়া অফিস/সকল শাখা/
জনতা ব্যাংক স্টাফ কলেজ ও রিজিওনাল স্টাফ কলেজসমূহ
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি, বাংলাদেশ।

বিষয়: ২০২৬ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

মহোদয়/প্রিয় মহোদয়,

বর্ণিত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ২০২৬ সালে অত্র ব্যাংকের স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের শীতকালীন পোষাকের মূল্য নিম্নের বর্ণনা ও শর্তানুযায়ী পুন:ভরণ পদ্ধতিতে প্রদান করা যাবে।

(ক) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী(পুরুষ) :

| ক্রমিক নম্বর | কাপড়ের বর্ণনা | প্রত্যেক কর্মচারীর জন্য কাপড়ের পরিমাণ | মোট মূল্য (সেলাই মজুরীসহ) |
|---|---|---|---|
| ০১. | একরিলিক/সিনথেটিক | ২.৫২ মিটার | ৩,৯০০/-(তিন হাজার নয়শত) টাকা |
| ০২. | সেলাই মজুরী | ১ সেট কমপ্লিট স্যুট তৈরীর জন্য | |

প্রত্যেক স্থায়ী নন-ক্লারিক্যাল পুরুষ কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য ৩৯০০/-(তিন হাজার নয়শত) টাকা।

(খ) স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারী(মহিলা) :

| ক্রমিক নম্বর | কাপড়ের বর্ণনা | প্রত্যেক কর্মচারীর জন্য কাপড়ের পরিমাণ | মোট মূল্য (সেলাই মজুরীসহ) |
|---|---|---|---|
| ০১. | শাড়ী (সুতী) | ১ টি | ৪,৮০০/-(চার হাজার আটশত) টাকা |
| ০২. | পেটিকোট (সুতী রেডিমেড | ১ টি | |
| ০৩. | ব্লাউজ (সুতী রেডিমেড) | ১ টি | |
| ০৪. | কার্ডিগান তৈরীর কাপড় | ২ মিটার | |
| ০৫. | কার্ডিগান সেলাই মজুরী | ১ টি কার্ডিগান তৈরীর জন্য | |

প্রত্যেক স্থায়ী নন-ক্লারিক্যাল মহিলা কর্মচারী শীতকালীন পোষাক বাবদ প্রাপ্য ৪,৮০০/-(চার হাজার আটশত) টাকা।

নিয়মাবলী/শর্তাবলী :

০১। প্রত্যেক স্থায়ী পুরুষ নন-ক্লারিক্যাল কর্মচারীর ২.৫২ মিটার একরিলিক/সিনথেটিক নেভি-ব্লু/খাকী কাপড় সুপ্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জির দ্বারা পোষাক সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই মজুরী বাবদ ১/২টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রণকারী অফিস/শাখায় দাখিল করা সাপেক্ষে পুন:ভরণ পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।

০২। প্রত্যেক স্থায়ী মহিলা নন-ক্লারিক্যাল কর্মচারী ১ টি শাড়ী, পেটিকোট, ব্লাউজ এবং ২(দুই) মিটার একরিলিক/সিনথেটিক নেভি-ব্লু কাপড় সু-প্রতিষ্ঠিত কোন দোকান/সরবরাহকারীর নিকট হতে ক্রয় করে প্রতিষ্ঠিত কোন দর্জি দ্বারা কার্ডিগান সেলাইয়ের পর বর্ণিত হারে কাপড় ক্রয় ও সেলাই মজুরী বাবদ পৃথক ২/৩ টি রশিদ স্ব-স্ব নিয়ন্ত্রনকারী অফিস/শাখায় দাখিল করা সাপেক্ষে পুন:ভরণ পদ্ধতিতে মূল্য গ্রহণ করতে পারবেন।



প্রধান কার্যালয় ঃ ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Website: www.jb.com.bd, SWIFT : JANBBDDH
ফোনঃ +৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স ঃ +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪

জনতা ব্যাংক পিএলসি.

সূত্র: পিডি/ডিজিএম/প্রশা/নন-ক্লারিক্যাল/শীতকালীন পোষাক/২০২৬/৭৪ তারিখ: ২২.০২.২০২৬



বিষয়: ২০২৬ সালে শীতকালীন পোষাক পাওয়ার যোগ্যতা অর্জনকারী স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাকের মূল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ প্রসঙ্গে।

০৩। ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রত্যেক স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীকে প্রতি ২(দুই) বছরের জন্য (১ বছর পর পর) শীতকালীন পোষাকের মূল্য পুন:ভরণ পদ্ধতিতে পরিশোধ করা হয়। সুতরাং ২০২৫ সালে যে সকল কর্মচারী শীতকালীন পোষাকের মূল্য গ্রহণ করেছেন তারা ২০২৬ সালে উক্ত পোষাকের মূল্য পাবেন না।

০৪। নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর-২০১৭ তারিখ: ১০.০১.১৯৯৭ এর নির্দেশনা অনুযায়ী নিয়মিত নিয়োগের পর যাদের চাকুরীর মেয়াদ ন্যূনতম ৬(ছয়) মাস অতিক্রান্ত হয়েছে এবং যাদের চাকুরীর রেকর্ডস সন্তোষজনক তারা এ সুবিধা প্রাপ্য হবেন।

০৫। পিআরএল ভোগরত নন-ক্লারিক্যাল কর্মচারীগণ শীতকালীন পোষাক (ইউনিফর্ম) পাওয়ার যোগ্য হবেন না।

০৬। সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ বরখাস্ত থাকাবস্থায় শীতকালীন পোষাক পাওয়ার যোগ্য হবেন না। সাময়িকভাবে বরখাস্তকৃত কর্মচারীগণ পরবর্তীতে পুনর্বহাল হয়ে চাকুরীতে নিয়মিত হলে তারা উক্ত সুবিধা পাওয়ার যোগ্য হবেন। তবে শীতকালীন পোষাকের মূল্য কোনক্রমেই এরিয়ার হিসেবে প্রদান করা যাবে না।

০৭। প্রত্যেক কর্মচারী কর্তৃক পোষাকের কাপড় ক্রয় ও পোষাক সেলাই কার্য সম্পন্ন করায় সরকারী বিধিমালা অনুযায়ী কাপড়ের মূল্য ও সেলাই মজুরী প্রদানকালে ১০% হারে অর্থাৎ পুরুষ কর্মচারীর নিকট হতে সর্বমোট ৩৫৫/-(তিনশত পঞ্চান্ন) টাকা এবং মহিলা কর্মচারীর নিকট হতে ৪৩৬/-(চারশত ছত্রিশ) টাকা ভ্যাট কর্তনপূর্বক ভ্যাট নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর ১২৭৭/২৪ তারিখ: ২১.০৮.২০২৪ এবং সকল নির্দেশনা মোতাবেক সান্ড্রি ডিপোজিট খাতে জমা করতে হবে। একাউন্টস ডিপার্টমেন্ট এর পত্র সূত্র নম্বর: ডিজিএম/একাউন্টস/ভ্যাট-ট্যাক্স/স্থানান্তর/শাহাজালাল/২০২৪/২৯৯ তারিখ: ২৯.১২.২০২৪ এর নির্দেশনা মোতাবেক অনলাইন ব্যাংকিং ডিপার্টমেন্ট কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে কর্তন করা হবে।

০৮। প্রধান কার্যালয়ে কর্মরত সকল স্থায়ী নন-ক্লারিক্যাল কর্মচারীদের পোষাক সেলাইয়ের বিল/ভাউচার এর পিছনে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/সচিবালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক (পিএ নম্বর/সিলসহ) কাপড় ক্রয় ও সেলাইয়ের বিষয়ে নিশ্চিত হয়ে কর্মচারীর স্বাক্ষর সত্যায়িত করে প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট এ পরিশোধের জন্য প্রেরণ করতে হবে।

০৯। কর্মচারীগণ যাতে যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিদিন অফিসে উপস্থিত হয়ে দায়িত্ব পালন করেন সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

শ্রদ্ধান্তে/ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত

২২.০২.২০২৬ 22.02.2026

(মো: নুরুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক

(মো: আলী আশরাফ সিদ্দিকী)
উপ-মহাব্যবস্থাপক